

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের 'B ও E' ইউনিটের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা


সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, 'B ও E' ইউনিটের ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি পরীক্ষায় (মানবিক, বিজ্ঞান ও বাণিজ্য শাখায়) উত্তীর্ণ শিক্ষার্থীদের নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী ভর্তি কার্যক্রম শুরু হবেঃ

মেধা তালিকা প্রকাশের তারিখ	বিভাগে ভর্তি কার্যক্রমের তারিখ
১ম মেধা তালিকা ২২/১১/২০১৬	২৭/১১/২০১৬ থেকে ২৯/১১/২০১৬
২য় মেধা তালিকা ০৪/১২/২০১৬	০৫/১২/২০১৬ থেকে ০৭/১২/২০১৬
৩য় মেধা তালিকা ১১/১২/২০১৬	১৩/১২/২০১৬ থেকে ১৫/১২/২০১৬
৪র্থ মেধা তালিকা ১৯/১২/২০১৬	২০/১২/২০১৬ থেকে ২১/১২/২০১৬
৫ম মেধা তালিকা ২৬/১২/২০১৬	২৭/১২/২০১৬ থেকে ২৮/১২/২০১৬

- বিভিন্ন কোটায় (মুক্তিযোদ্ধার সন্তান কোটা/মুক্তিযোদ্ধার নাতি-নাতনি কোটা, পোষ্য (ওয়ার্ড) কোটা, উপজাতি কোটা, শারীরিক প্রতিবন্ধি কোটা এবং খেলোয়াড় কোটায় ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের সাক্ষাৎকার আগামী ১০/১২/২০১৬ তারিখ (শনিবার) (মানবিক, বিজ্ঞান ও বাণিজ্য শাখা) সকাল ৯:০০টা থেকে বেলা ১:০০টা পর্যন্ত ডীন, কলা অনুষদের কার্যালয়ে অনুষ্ঠিত হবে।
- তৃতীয় তালিকায় মনোনীত শিক্ষার্থীদের ভর্তির শেষে পরবর্তী মেধাক্রমধারী শিক্ষার্থীদের সাক্ষাৎকার আগামী ১৫/১২/২০১৬ তারিখ অনুষ্ঠিত হবে। পরবর্তী মেধাক্রমের সিরিয়াল, সময় ও স্থান ১১/১২/২০১৬ তারিখ বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

ভর্তি ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের জন্য জ্ঞাতব্যঃ

- ১। ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীকে নির্ধারিত সময়সীমার মধ্যে নির্বাচিত বিষয়ে অবশ্যই ভর্তি হতে হবে, অন্যথায় সে আর ভর্তি হতে পারবে না।
- ২। (i) বিভাগে ভর্তির সময় শিক্ষার্থীকে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র
(ii) মাধ্যমিক পরীক্ষার মূল প্রবেশপত্র, মূল সনদপত্র ও মূল নম্বরপত্র
(iii) উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল প্রবেশপত্র, মূল সনদপত্র, প্রশংসাপত্র ও রেজিস্ট্রেশন কার্ড
(iv) প্রার্থীর সদ্য তোলা ছবি ৮টি (৪টি পাসপোর্ট সাইজ, ৪টি স্ট্যাম্প সাইজ) সঙ্গে নিয়ে আসতে হবে।
- ৩। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ক্লাস আগামী ১৫/০১/২০১৭ তারিখ থেকে শুরু হবে।


(প্রফেসর ড. মোহাম্মদ সেলিম) ২১/১১/২০১৬

সভাপতি

'বি/ই' ইউনিট ভর্তি পরীক্ষা ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ

ও

ডীন, কলা অনুষদ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

কার্যার্থে অনুলিপিঃ

- ০১। ডীন, আইন অনুষদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ০২। চেয়ারম্যান(কলা অনুষদের সকল বিভাগ), জবি, ঢাকা।
- ০৩। রেজিস্ট্রার, জবি, ঢাকা।
- ০৪। পরিচালক, নেটওয়ার্কিং এন্ড আইটি অফিস, (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-এ দেয়ার জন্য) জবি, ঢাকা।
- ০৫। ডেপুটি রেজিস্ট্রার/পিএস টু ভিসি, (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য) জবি, ঢাকা।
- ০৬। সহ-পরিচালক, জনসংযোগ তথ্য ও প্রকাশনা দপ্তর, (বিভিন্ন গণমাধ্যমে ব্যাপক প্রচারের জন্য) জবি।